

উক্তি

রীটা হিরানি, সাময়িক CEO: লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল এবং ট্রান্স শ্রেণীর মানুষ আমাদের হেল্পলাইনে ফোন করতে পারে, সেখানে পেশাদাররা সাংস্কৃতিক বিষয়টিও প্রেক্ষাপট বুঝতে পারবে।

গ্রেগ, হেল্পলাইন: LGBT সবসময় ডান্স পার্টিতে যায়, টাকাকড়ি খরচ করে নিজেদের জীবন উপভোগ করে এমন একটা ভুল ধারণা আছে। অনেক LGBT -দের বাস্তব সত্য এই যে আমাদের জীবন দরিদ্রতা, বৈষম্য, পারিবারিক হিংস্রতা ও সমকামীদের প্রতি বৈষম্যের শিকার হতে পারে। আমাদের এইসব বিষয় জনসমক্ষে আনতে হবে এবং এমন কিছু পরিষেবা চাইতে হবে যা এইসব অসমতা দূর করতে পারে।

আয়োনা ফিয়েস্টা (Iona Fiesta), আউটস্কির্টস (OUTSKIRTS) সম্পাদক: পারিবারিক হিংস্রতা 'সবুবিদিত' বিষয়: আমরা সবাই জানি এমন হয়, হয়ত সকলেই এমন কাউকে চিনি যে এই হিংস্রতার শিকার হয়েছে, অথচ আমাদের মধ্যে অনেকেই সত্যের মুখোমুখি হওয়ার বদলে এড়িয়ে যায়। হয়ত এটা লজ্জাজনক - আমরা সমাজের সবাইকে বোঝানোর চেষ্টায় ব্যস্ত যে সমকামীরা ভালো, আদর্শ নাগরিক এবং বাকিদের মতে একই ভুলক্রটি আছে অথচ এ কথা স্বীকার করতে চাই না। অথচ করে নিলে আমাদের সম্প্রদায় আরো মজবুত হয়ে উঠবে।

পলিন (Pauline), LGBT পারিবারিক হিংস্রতা থেকে রেহাইপ্রাপ্ত, লন্ডন: আমাদের জীবনের সবচেয়ে বড় যে বাস্তব স্বীকার করে নিতে হয়েছিল তা ছিল আমি যে নারীর প্রেমে পড়েছিলাম তার থেকে এই সত্যটা পৃথক করতে হয়েছিল যে আমার পক্ষে তার স্বভাবে কোনো পরিবর্তন করা সম্ভব না এবং সে আমার প্রতি যে দুর্ব্যবহার করছিল তার জন্য আমি দায়ী না এবং তার এই আচরণ শেষ হবে না। তার ব্যবহার বজায় থাকবে অন্যভাবে বাড়তে থাকবে ও যত সহ্য করব তত অবস্থার অবনতি হবে। পারিবারিক হিংস্রতা ক্রমশ বাড়তে থাকে। শুরুর হলে এটা শেষ হয় না বা কোনো উন্নতি হয় না যতক্ষণ না গঠনাত্মক পদক্ষেপ নেওয়া হয়।